

ক্যাটাগরি (ব্যক্তিগত পর্যায়):  
পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ

## ভ্যালেরি অ্যান টেইলর

### অবদান:

- ভ্যালেরি অ্যান টেইলর বাংলাদেশে স্বেচ্ছাসেবী সংগঠন 'সিআরপি' এর পরিকল্পক ও সমন্বয়কারি।
- তিনি সিআরপি সমাজভিত্তিক পূর্নবাসন শিক্ষা ও স্বাস্থ্য সেবার সাথে সমাজে বসবাসকারী মানুষের যৌথ অংশগ্রহণের মাধ্যমে প্রকৃতির ভারসাম্য রক্ষায় সচেতনতা বৃদ্ধি ও দায়িত্ব-কর্তব্যবোধ বৃদ্ধি করে যাচ্ছেন।
- পরিবেশ দূষণ রোধে সিআরপির উদ্ভাবিত অক্সিডেশন পন্ড, গৃহস্থলী বর্জ্য দিয়ে জৈব সার উৎপাদন, ব্যবহৃত কাগজ, পাতলা কার্ড ইত্যাদি রিসাইক্যাল্ড পেপার টেকনোলজি মাধ্যমে স্বল্প খরচে রোগীর ফাইল, ফোল্ডার, খাম ইত্যাদির উৎপাদন পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা রাখছে।





# ক্যাটাগরি (প্রাতিষ্ঠানিক পর্যায়):

পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ

## রাজশাহী সিটি কর্পোরেশন

### অবদান:

- পরিবেশ সুরক্ষা ও জলবায়ুর পরিবর্তনজনিত প্রভাব ঠেকাতে জিরো সয়েল প্রকল্প বাস্তবায়ন করছে রাজশাহী সিটি কর্পোরেশন।
- রাজশাহী নগরীকে আধুনিক ও পরিবেশবান্ধব নগরী হিসেবে গড়ে তুলতে কাজ করে যাচ্ছে রাজশাহী সিটি কর্পোরেশন।
- রাজশাহী সিটি কর্পোরেশন রাজশাহী মেডিকেল হাসপাতালে 'মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা ট্রিটমেন্ট প্লান্ট'-এর কার্যক্রম শুরু করেছে।
- জাতীয় পরিবেশ পদক-২০১২ এবং বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার ২০০৯ অর্জন করেছে।
- পরিবেশ রক্ষার্থে নগরীর সকল পুকুর সংরক্ষণের একটি উদ্যোগ গ্রহণ করেছে।

